বাংলা
শিক্ষা সহায়ক

ছোটদের ছড়া সিরিজ

ছড়াং-১

ড. এস এম ফরিদুল ইসলাম



ছড়াকার
chorakar.com

ছড়াং-১

৩+ বয়সের সোনামণিদের জন্য।

ড. এস এম ফরিদুল ইসলাম

প্রতিষ্ঠাতা ও পরিচালক, সোনামণি স্কুল।
সহযোগী অধ্যাপক, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

ছড়াকার.কম





উৎসর্গ

বয়স যাদের তিন-এর উপর
বর্ণগুলো চেনে।
গল্প পড়ার চেষ্টা করে-
মায়ের কথা মেনে।













ছড়াং-১

প্রথম প্রকাশ : অক্টোবর ২০২৬

প্রকাশক : ছড়াকার.কম

পরিবেশক : বইপুর.কম
কলকাকলি হাউজিং, আশুলিয়া, ঢাকা
সেল - ০১৮৪৫-০৫৫০৪৪

গ্রন্থস্বত্ব : ড. এস এম ফরিদুল ইসলাম
ইমেইল - faridasia@gmail.com
সেল - ০১৯১৬৮৬৮৫৮৫

প্রচ্ছদ : লেখক ও প্রকাশক।

মূল্য : হার্ড কপি ৩৫০ টাকা (US $ 5.00)
ই-বুক ১৫০ টাকা।
(US $ 2.00)

ISBN : F 978-984-36-0775-0

CHORANG-1
BY DR. S M FARIDUL ISLAM

This book is copyright protected. No part of this can be used commercially without written permission by the author

সূ চি প ত্র

অজগর - ০৫
আম - ০৬
ইঁদুর - ০৭
উট - ০৮
গরু - ০৯
ব্যাঙ - ১০
ছাগল - ১১
পুষি - ১২
টুনটুনি - ১৩
ডাব - ১৪
হরিণ - ১৫
শেয়াল - ১৬
দোয়েল - ১৭
নৌকা - ১৮
বাঘ - ১৯
রাজা - ২০
শালিক - ২১
সিংহ - ২২
আষাঢ় - ২৩
ময়না - ২৪



অজগর

অজগর সাপ রে
ওরে বাপ-বাপ রে!
দেখলেই সকলেই
দেয় দৌড়-ঝাপ রে।








আম

আম পড়, পড় রে
শুরু হলো ঝড়রে।
ধুপ-ধাপ আম পড়ে
মজা করে ধর রে।





ইঁদুর

ইঁদুরের উৎপাত
সারাদিন, সারারাত।
চুরি করে খেয়ে যায়
খোকনের দুধভাত।







উট

আবুদের উটটা
ভালোবাসে ভুট্টা।
নেই দেশে, তবুও সে
ভয় পায় ভূতটা!



গরু (গোরু)

গরু আর ভেড়াতে
বনে গেলো বেড়াতে।
পথ ভুলে চলে গেলো
সিংহের ডেরাতে!





ব্যাঙ

ওরে পাজি ব্যাঙটা
কেনো তুই ল্যাংটা?
প্যান্ট যদি না পরিস
ভেঙ্গে দেবো ঠ্যাংটা!



ছাগল

ছানুদের ছাগলে
মাঠে গেলো না বলে।
কুকুরের তাড়া খেয়ে
চিল্লায় মা বলে।



পুষি

পুষি ডাকে মিয়ো মিয়ো
বলে খুকু খাবার দিও।
কাল সে গেছে বোনের বাড়ি
বলে গেছে খবর নিও।





টুনটুনি

টুনটুনিটা নাচে রে
একটা বেগুন গাছে রে।
ফুরুৎ করে উড়ে যায়
হুলো যদি আসে রে।



ডাব

ডাব পাড়ে শেয়ালে
খুব খুব খেয়ালে।
পা পিছলে পড়ে গিয়ে
মাথা ফাটে দেয়ালে।





হরিণ

হরিণ আর পাণ্ডা
চুরি করে আণ্ডা।
হাতি ধরে হাতে-নাতে
পিঠে দেয় ডাণ্ডা।





শেয়াল

পুলিশ ছিলো থানাতে
শেয়াল গেলো জানাতে।
লোকেরা তার ঠ্যাং ভেঙেছে
মুরগি ধরে আনাতে।





দোয়েল

দোয়েল দোলে দোলনাতে
ভীষণ মজা দোলখেতে।
উড়াল দিলো দেখলো যখন
হুলো আছে ওৎপেতে।



নৌকা

নৌকাতে উঠি রে
জাল নিয়ে ছুটি রে।
সেই জালে ধরি আমি
শত শত পুঁটি রে।



বাঘ

ওরে বাঘ মামা রে
হুংকার থামা রে।
আমি যদি ক্ষেপে যাই
থামাবে কে আমারে!



রাজা

রাজা মশাই খাচ্ছে কী?
পান্তাভাতে ব্যাঙভাজি!
বলিস কীরে, বলিস কী
ওয়াক-থু, ছি-ছি, ছি!







শালিক

শালিক তুমি বোকা রে
খাচ্ছো ধরে পোকা রে।
গঙ্গাফড়িং পালিয়ে গেলো
এবার খেলে ধোকা রে।



সিংহ



শিং নেই সিংহের
ঠিক নেই মেজাজের।
সে যে কত দুষ্টু
দেখা হলে পাবে টের!



আষাঢ়

আষাঢ়ের বর্ষায়
ব্যাঙ ঘ্যাঘু ডেকে যায়।
থামে না সে কিছুতেই
তাই তো সে বকা খায়।



ময়না

ময়নারে ও ময়না রে
নিবি নাকি গয়না রে?
দাঁড়া দাঁড়া, দিচ্ছি তো
দেরি কেনো সয়না রে?







অত্র গ্রন্থখানি ‘সোনামণির প্রথম ছড়া’ বই হতে ২৩টি ছড়া নিয়ে সংকলিত একটি সৃজনশীল শিশুতোষ ছড়ার বই। বইটি মূলত ওই সকল সোনামণির জন্য উপযুক্ত যারা বাংলা বর্ণমালা মোটামুটি চেনে এবং বানান করে করে একটু-আধটু পড়তে পারে।



© ২০২৬ এস এম ফরিদুল ইসলাম।







ড. এস এম ফরিদুল ইসলাম ১৯৭৮ সালে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার পারকোদলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি তার মরহুম শিক্ষক পিতা মোঃ মন্তাজ আলী ও মাতা ফাতেমা বেগমের বড় ছেলে। তিনি ১৯৯৪ সালে স্টারমার্কস নিয়ে SSC এবং ১৯৯৬ সালে প্রথম বিভাগ পেয়ে HSC তে উত্তীর্ণ হন। পরবর্তীতে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগ হতে অত্যন্ত কৃতিত্বের সাথে তার BBA, MBA ও PhD ডিগ্রি অর্জন করেন। পিতার পদাঙ্ক অনুসরণ করে পেশাগত জীবনে তিনি একজন শিক্ষক। বর্তমানে তিনি 'এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ' -এর ব্যবসায় প্রশাসন অনুষদের সহযোগী অধ্যাপক ও ডীন হিসেবে কর্মরত আছেন। এছাড়াও তিনি বহুল পরিচিত ছোটদের কার্টুন ভিডিওভিত্তিক অনলাইন প্রি-স্কুল 'সোনামনি স্কুল' (sonamonischool.com) -এর প্রতিষ্ঠাতা-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। ছোটবেলা হতেই লেখালেখিতে তার বিশেষ ঝোঁক, বিশেষত ছড়া ও কবিতা সৃষ্টিতে। তবে শিশুতোষ ছড়া ও ছড়াগান রচনায় তিনি একেবারে সিদ্ধহস্ত। দেশ-বিদেশের বিভিন্ন পত্রপত্রিকায় ও অনলাইন পোর্টালে তার অসংখ্য লেখা প্রকাশিত হয়েছে। শিশুশিক্ষা ও শিশুদের নিয়ে কাজ করা তার জীবনের এক মহান ব্রত। 'ছড়াং-১' শিরোনামের এই গ্রন্থে লেখক ছোট্ট সোনামণিদের ছোট্ট-ছোট্ট সব ছড়া উপহার দেয়ার মাধ্যমে তাদের মজায়-মজায় বাংলা পড়তে শেখার প্রয়াস দেখিয়েছেন। সবেমাত্র অক্ষর চিনেছে এমন শিশুদের জন্য বইটি একটি আদর্শ ও সুপারিশকৃত বই।

-প্রকাশক।

ছড়াকার.কম
১৫, কলকাকলি হাউজিং সোসাইটি
আশুলিয়া, ঢাকা-১৩৪১

ছড়াকার
chorakar.com